

## যবিপ্রবিতে ভর্তি পরীক্ষার আবেদনের সময় বৃদ্ধি

যশোর প্রতিনিধি

১৫ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৫ অক্টোবর ২০১৯ ০০:৩৮



যবিপ্রবি  
আমাদের সময়

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান/প্রফেশনাল) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার আবেদনের সময় আগামী ২৫ অক্টোবর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। তবে ভর্তি পরীক্ষার সময় অপরিবর্তিত থাকছে; অর্থাৎ ২১ ও ২২ নভেম্বরেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গত রবিবার যবিপ্রবির উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিনস কমিটির সভায় ভর্তি পরীক্ষার আবেদনের সময় বাড়ানোর এ সিদ্ধান্ত নেওয়া হয়।